

## আট শতাব্দিক শিক্ষার্থীর পরীক্ষা অনিশ্চিত

### রাজশাহী হোমিওপ্যাথিক কলেজ

স্টাফ রিপোর্টার, রাজশাহী: অনিয়ম-দুর্নীতি ও সাবেক অধ্যক্ষের অব্যাহত মামলার মুখে রাজশাহী হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজের ৮ শতাব্দিক শিক্ষার্থীর লেখাপড়া বন্ধের উপক্রম হয়েছে। প্রথম বর্ষেও নতুন শিক্ষার্থী ভর্তিতে অনিশ্চয়তা দেখা দিয়েছে। শুধু তাই নয়, নানা জটিলতায় আটকে আছে ১ম থেকে ৪র্থ বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফরম পূরণও। অন্যান্য কলেজে ফরম পূরণ শুরু হলেও এই কলেজে ফরমের অভাবে ফরম পূরণের কাজও বন্ধ রয়েছে। আগামী ২ অক্টোবর ফরম পূরণের শেষ দিন নির্ধারণ করেছে বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ড। জানা গেছে, দীর্ঘদিন যাবত একই ব্যক্তি রাজশাহী হোমিও কলেজের প্রডায়ক ও উপাধ্যক্ষ পদে অবৈধভাবে থাকায় বর্তমানে কলেজে ইন্টার্নশিপ ও বহির্বিভাগের চিকিৎসা বন্ধ রয়েছে। মামলার জটিলতার কারণে কলেজের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি বন্ধ রয়েছে ৭ মাস ধরে। এরপরও সাবেক অধ্যক্ষ ইয়াছিন আলীর সময়ে বিধিবহির্ভূতভাবে বেশ কিছু শিক্ষক-কর্মচারীর নিয়োগ করায় কলেজের শিক্ষার পরিবেশ নষ্ট হচ্ছে।

শিক্ষার্থীরা জানান, দীর্ঘ জটিলতা নিরসনে বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ড, স্বাস্থ্য অধিদফতর ও সংশ্লিষ্ট প্রশাসনসহ সচেতন রাজশাহীবাসী এগিয়ে না এলে কলেজের আট শতাব্দিক শিক্ষার্থীর লেখাপড়া বন্ধ হয়ে পড়বে। এমনকি বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ড আগামী ২ অক্টোবরের তারিখের মধ্যে যে ফরম পূরণের সময় বেধে দিয়েছে তারও অনিশ্চয়তা দেখা দিয়েছে। এসব ব্যাপারে কলেজের বোর্ড কর্তৃক নিয়োজিত অধ্যক্ষ অধ্যাপক ডাঃ আনিছুর রহমান জানান, সাবেক অধ্যক্ষ ড. ইয়াছিন আলীর স্ত্রী সায়েরা বানু আদালতে রিট করায় আইনী জটিলতার কারণে ভর্তি ফরম এখনও আমাদের দেয়া হয়নি। বিষয়টি প্রক্রিয়াধীন আছে। ভর্তি ফরম পেলেই ভর্তির কার্যক্রম শুরু করা হবে।